ফাতওয়া নাম্বার: ১৭৪ প্রকাশকালঃ০২-০৬-২০২১ ইং

বিশ্ববিদ্যালয় ও হাই স্কুলে শিক্ষকতা করার হুকুম কী?

প্রশ্ন:

বিশ্ববিদ্যালয় ও হাই স্কুলে ছাত্র ছাত্রীদেরকে এক সাথে পড়াতে হয়। এতে চোখের পর্দা লঙ্ঘন হয়। তাই জানতে চাই, শরিয়তের দৃষ্টিতে বিশ্ববিদ্যালয় ও হাই স্কুলে শিক্ষকতা করার হুকুম কী?

প্রশ্নকারী- মুহাম্মাদ প্রশান্ত

উত্তর:

সহশিক্ষামূলক প্রতিষ্ঠানের শিক্ষকতায় অনেক সমস্যা রয়েছে। একে তো তাতে পর্দার বিধান লঙ্ঘিত হয়। দ্বিতীয়ত আমাদের দেশের শিক্ষা ব্যবস্থায় নানান কুফর শিরক ও নাস্তিক্যবাদ রয়েছে। তৃতীয়ত একজন শিক্ষককে সভ্যতা সংস্কৃতি ও বিভিন্ন আচার অনুষ্ঠান উপলক্ষে বিভিন্ন অন্যায় ও পাপাচারমূলক কাজে লিপ্ত হতে হয়। এছাড়া এদেশে দুর্নীতি যে মহামারির রূপ ধারণ করেছে, আমাদের ধারণা, কেউ দুর্নীতি না করলে সরকারি চাকরিতে টিকে থাকা তার জন্য প্রায় অসম্ভব। সুতরাং সহশিক্ষামূলক প্রতিষ্ঠানে চাকরি করলে যদি এসব বিষয় থেকে বেঁচে থাকা সম্ভব না হয়, তাহলে তা জায়েয হওয়ার প্রশ্নই আসে না; বরং ক্ষেত্রবিশেষে ঈমান হারানোরও আশঙ্কা রয়েছে। হ্যাঁ, কারো পক্ষে যদি এসকল অন্যায় থেকে বেঁচে থাকা সম্ভব হয় এবং পাঠ্য বিষয়ের শরিয়াহ পরিপন্থী ও কুফরি-শিরকি বিষয়গুলো পড়ানোর সময় ছাত্রদের সামনে পরিষ্কার করে দিতে পারেন যে, এগুলো কুফর শিরক এবং ঈমান পরিপন্থী, তাহলে তার জন্য এ চাকরি তাগুতের অধীন হওয়ার কারণে মাকরুহ হলেও জায়েয হবে; যদিও তা অসম্ভব প্রায়।

এ বিষয়ে সাইটে প্রকাশিত ১৪১ নং ফতোয়াটি দেখতে পারেন। [সহশিক্ষার হুকুম কী?] লিংক:

https://fatwaa.org/২০২১/০১/১১/২০৫৭/

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১০-১০-১৪৪২ হি.
২৩-০৫-২০২১ ইং